**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২২/ তারিখঃ ২৫/০৫/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের বিগত ১৩/১০/২০২১ তারিখের ৬৭৮ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ হতে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১২৯০.০০ কোটি টাকা সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে মাঠ কার্যালয়ে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরের ১১ (এগার) মাস অতিক্রান্ত হলেও সিলেট, কুমিল্লা, ফরিদপুর, কুষ্টিয়া বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগসমূহ এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। যার ফলশ্রুতিতে এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১০ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জনের জন্য করার জন্য লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারন করা প্রয়োজন।

০২। এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় **২৩/০৫/২০২২** তারিখ ভিত্তিক ঋণ মঞ্জুরি ও বিতরণ কার্যক্রম পর্যালোচনান্তে এবং এসিডি সার্কুলার নং- ০২ এর আওতায় ঋণ বিতরন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃবন্টন করা যেতে পারে।

**এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ**

**(কোটি টাকায়)**

| ক্রমিক নং | বিভাগের নাম | ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০ শে জুন ২০২২ এর মধ্যে বিতরনযোগ্য | বর্ধিত/হ্রাসকৃত লক্ষ্যমাত্রা | ঋণ বিতরনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০ শে জুন ২০২২ এর মধ্যে বিতরনযোগ্য | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ২৩/০৫/২০২২ তারিখ ভিত্তিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ২৩৫.০০ | | ২৩৫.০০ | ৭১.৯৪% | অপরিবর্তিত |
| ০২ | ময়মনসিংহ | ২৫০.০০ | (-) ৩০.০০ | ২২০.০০ | ৫৭.৯৩% | হ্রাসকৃত |
| ০৩ | চট্টগ্রাম | ৮০.০০ | (+) ৫.০০ | ৮৫.০০ | ৭৭.৯৩% | বর্ধিত |
| ০৪ | খুলনা | ২৩০.০০ | (-) ২০.০০ | ২১০.০০ | ৬৫.৫২% | হ্রাসকৃত |
| ০৫ | বরিশাল | ১১৫.০০ | -- | ১১৫.০০ | ৭৫.৭১% | অপরিবর্তিত |
| ০৬ | সিলেট | ৫৫.০০ | (+) ১০.০০ | ৬৫.০০ | ৮৬.৯৩% | বর্ধিত |
| ০৭ | কুমিল্লা | ১২০.০০ | (+) ১০.০০ | ১৩০.০০ | ৮৫.৪৮% | বর্ধিত |
| ০৮ | ফরিদপুর | ৯০.০০ | (+) ১৫.০০ | ১০৫.০০ | ৮৮.৬৮% | বর্ধিত |
| ০৯ | কুষ্টিয়া | ১১০.০০ | (+) ১০.০০ | ১২০.০০ | ৮৫.৩০% | বর্ধিত |
| ১০ | এলপিও | ৫.০০ | - | ৫.০০ | ০% | অপরিবর্তিত |
| সর্বমোট | | ১২৯০.০০ | | ১২৯০.০০ | ৭২.৭১% | |

০৩। সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ (ঢাকা, বরিশাল,এলপিও ব্যতীত ) উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহে ০৩ (তিন) দিনের মধ্যে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগন শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা আগামী **২৯/০৫/২০২২** তারিখের মধ্যে বন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং ০২ তারিখ ১৪/০৯/২০২১ এবং অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৪৬৬ তারিখ ১৫/০৯/২০২১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্টদের বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১,

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/ ২৩৬৬ (১২৫০)

তারিখঃ ২৫/০৫/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৫।০৫।২০২২
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক